6/8/2000

দৈনিক ইত্তেফাক

তারিখ ....................
পৃষ্ঠা ...১... কলাম ...৪......

জাতীয় বিশ্ববিদ্যালয়

# ৪ বছরের সমন্বিত অনার্স কোর্স এবং গ্রেডিং পদ্ধতি চালুর সিদ্ধান্ত

রেজানুর রহমান ॥ জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সকল কলেজে ৩ বছরের স্থলে ৪ বছরের সমন্বিত অনার্স কোর্স এবং ২০০৩ সাল হইতে ডিগ্রী পরীক্ষার ক্ষেত্রে গ্রেডিং পদ্ধতি চালু করা হইবে। গতকাল বৃহস্পতিবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের এক সভায় এই সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর দুর্গাদাস ভট্টাচার্যের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় প্রো-ভিসি প্রফেসর মওদুদ ইলাহী, খায়রুল আলম, রেজিস্ট্রার ফিরোজ আকতার, পরীক্ষা নিয়ন্ত্রক (২য় পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

জাতীয় বিশ্ববিদ্যালয়

(১ম পৃষ্ঠার পর)

প্রফেসর বিনয় রতন বড়ুয়া, একাডেমিক কাউন্সিলের সদস্য অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, অধ্যক্ষ আব্দুর রশিদ প্রমুখ উপস্থিত ছিলেন।

সভায় জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজসমূহের শিক্ষা কার্যক্রম আরও গতিশীল করার ব্যাপারে সংশ্লিষ্ট সকল মহলের আন্তরিক সহযোগিতা কামনা করা হয়। সভায় বলা হয়, জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজ শিক্ষকগণ এখন হইতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হিসাবে বিবেচিত হইবেন। সভার সিদ্ধান্ত অনুযায়ী বিভিন্ন কলেজে ক্রীড়া বিজ্ঞানে এক বছরের স্নাতকোত্তর ডিপ্লোমা, সাংবাদিকতা বিষয়ে এক বছরের স্নাতকোত্তর কোর্স চালু করা হইবে।

উল্লেখ্য, চলতি বছর হইতে এসএসসি পরীক্ষায় গ্রেডিং পদ্ধতি চালু হইয়াছে। ২০০৩ সালে এইচএসসি পরীক্ষার ক্ষেত্রেও গ্রেডিং পদ্ধতি শুরু হইবে। পাশাপাশি ডিগ্রী পরীক্ষার ক্ষেত্রেও গ্রেডিং পদ্ধতি চালু হইলে শিক্ষার একটি বড় অংশ গ্রেডিং পদ্ধতির আওতায় আসিবে।

এদিকে অনিবার্য কারণবশতঃ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০০০ সালের অনার্স পার্ট-৩ ইতিহাস (সম্মান) বিভাগের ৪র্থ পত্র, ৫ম পত্র, ৬ষ্ঠ পত্র এবং ৭ম পত্রের পরীক্ষা স্থগিত করা হইয়াছে। স্থগিত পরীক্ষার তারিখ পরে জানানো হইবে। -প্রেস বিজ্ঞপ্তি